রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৫.২১ তারিখঃ /০১/২০২২ খ্রিস্টাব্দ

বিভাগীয় মামলা নং-089/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এ কর্মরত আছেন;

২। যেহেতু, আপনি গত ০৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় আপনার ফেইসবুক আইডি (Md. Omar Farque) থেকে সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক এবং নার্সিং সুপারভাইজারবৃন্দের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপমানমূলক স্ট্যাটাস প্রদান করেন;

৩। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের ২৫/১০/২০২০ খ্রিঃ তারিখের ১৯০ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং আপনার কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক নয়;

৪। যেহেতু, আপনি গত ০৬/০৬/২০২১ খ্রিঃ তারিখ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জের নার্সিং সুপারভাইজার অফিসে সেবা তত্ত্বধায়ক ও সুপারভাইজারদের সাথে অশালীন আচরণ করেন;

৫। যেহেতু, আপনার ব্যক্তিগত নথি পর্যালোচনায় আপনি অভ্যাসগত অপরাধী (Habitual Offender) মর্মে প্রতীয়মান হয়েছে;

৬। যেহেতু, আপনার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

৭। সেহেতু, আপনি জনাব মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জনকে অসদাচরণের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অভিযুক্ত করা হলো। এই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী আপনাকে কেন বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

মোঃ ওমর ফারুক
সিনিয়র স্টাফ নার্স
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল
কিশোরগঞ্জ।

<u>কর্মস্থলের ঠিকানাঃ</u>
মোঃ ওমর ফারুক
পিতাঃ মোঃ আব্দুল কাদির
সিনিয়র স্টাফ নার্স
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।

<u>স্থায়ী ঠিকানাঃ</u>
মোঃ ওমর ফারুক
পিতাঃ মোঃ আব্দুল কাদির
গ্রাম-পুংমসুয়া, পো-মসুয়া, থানা-কটিয়াদি, জেলা-কিশোরগঞ্জ।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৫.২১ . ৪৫/২ (৭) তারিখঃ ০ ৯/০২/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।

৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।

৫। সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।

৬। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর (অভিযোগনামাটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।.

০৯/২/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এ কর্মরত আছেন। গত ০৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় তিনি তার ফেইসবুক আইডি (Md. Omar Farque) থেকে সেবা তত্বাবধায়ক, উপ-সেবা তত্বাবধায়ক এবং নার্সিং সুপারভাইজারবৃন্দের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপমানমূলক স্ট্যাটাস প্রদান করেন। এছাড়া তিনি গত ০৬/০৬/২০২১ খ্রিঃ তারিখ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জের নার্সিং সুপারভাইজার অফিসে সেবা তত্ত্বধায়ক ও সুপারভাইজারদের সাথে অশালীন আচরণ করেন। তার ব্যক্তিগত নথি পর্যালোচনায় তিনি অভ্যাসগত অপরাধী (Habitual Offender) মর্মে প্রতীয়মান হয়েছে। তার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd